# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

অফিস ফোন ঃ ২২৩৩৮৩৫৩৫

e-mail:dgmewt@krishibank.org.bd ।


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

বিষয় ঃ মহান বিজয় দিবস,২০২১ উদযাপন উপলক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ১৪-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

মহান বিজয় দিবস,২০২১উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান মহোদয়ের সভাপতিত্বে অদ্য ১৪-১২-২০২১ তারিখ ব্যাংকের বোর্ড রুমে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব শিরীন আখতার মহোদয় সদয় উপস্থিত ছিলেন। এছাড়াও ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, প্রধান কার্যালয়ের সকল মহাব্যবস্থাপক, সকল উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ),বঙ্গবন্ধু পরিষদ,বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার্স ঐক্য পরিষদ, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ (প্রাতিষ্ঠানিক ইউনিট),বঙ্গবন্ধু পেশাজীবীলীগ ও মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড (প্রতিষ্ঠানিক ইউনিট)এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

০২। মহান বিজয় দিবস,২০২১ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পরিপালনতব্য কর্মসূচি নিম্নরূপভাবে পরিপালন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকারী বিভাগ/অফিস |
|---|---|---|
| ০১। | 'জাতীয় পতাকা' উত্তোলন: 'বিজয় দিবস'২০২১ পালন উপলক্ষ্যে ব্যাংক প্রাঙ্গনে 'জাতীয় পতাকা' উত্তোলন।<br>(ক) 'দি ফ্লাগ রুলস'(People's Republic of Bangladesh Flag Rules,1972) অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে;<br>(খ) কোনক্রমেই পুরনো পতাকা উত্তোলন করা যাবে না। | (ক) প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ<br>(খ) সকল বিভাগীয় কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক<br>(গ) স্টাফ কলেজ,বাংলাদেশ কৃষি ব্যাংক<br>(ঘ) সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।<br>(ঙ) সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়,বিকেবি<br>(চ) সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।<br>(ছ) সকল শাখা,বিকেবি। |
| ০২। | (ক) শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মোনাজাত ও প্রার্থনা;<br>(খ) জাতীয় স্মৃতিসৌধ এ পুষ্পার্ঘ অর্পণ (সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে)<br>(গ) ধানমন্ডি ৩২ এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ(সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে)। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| ০৩। | ব্যাংক ভবন আলোকসজ্জাকরন; | (ক) প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ<br>(খ) বিভাগীয় কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি'র নিজস্ব ভবন)<br>(গ) মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়,বিকেবি (বিকেবি'র নিজস্ব ভবন) |
| ০৪। | 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা সভা;<br>সম্ভাব্য তারিখ ঃ পরবর্তীতে অবহিত করা হবে। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| ০৫। | (ক) বিজয়ের সুবর্নজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে ***গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশব্যাপী যে শপথ অনুষ্ঠান পরিচালনা করবেন তাঁর সাথে একই সময়ে বাংলাদেশ কৃষি ব্যাংক,ঢাকায় ব্যাংকের সকল নির্বাহী,কর্মকর্তা ও কর্মচারী এবং সিবিএসহ ব্যাংকের সকল সংগঠনের নেতৃবৃন্দ একযোগে শপথ বাক্য পাঠ করবেন।***<br>ব্যাংকের মাননীয় চেয়ারম্যান মহোদয়,ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারী ও সিবিএসহ ব্যাংকের সকল সংগঠনের নেতৃবৃন্দ শপথ বাক্য পাঠ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।<br>***স্থান ঃ অডিটোরিয়াম,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়।***<br>*(খ) ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়,বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,মুখ্য আঞ্চলিক কার্যালয়,আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের নিজস্ব অফিসে উল্লেখিত কর্মসূচীর অনুরূপ কর্মসূচী পরিপালন করা হবে।* | (ক) আইসিটি অপারেশন বিভাগ<br>(খ) এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং<br>(গ) প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ<br><br>*(ঘ) সকল বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,মুখ্য আঞ্চলিক কার্যালয়,আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়,বিকেবি।* |

০৩। উল্লিখিত কর্মসূচী ছাড়াও মন্ত্রণালয় কর্তৃক নতুন কোনরূপ নির্দেশনা প্রদান করা হলে তাও পরিপালনযোগ্য হবে।

০৪। অনুষ্ঠানসূচী এ বর্ণিত কর্মসূচীসমূহের মধ্যে যেসকল ক্ষেত্রে পরিবহনের প্রয়োজন হবে সেসকল ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবহনের ব্যবস্থা গ্রহন করবে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ।

০৫। অনুষ্ঠানসূচীর(শপথ অনুষ্ঠান) ক্রমিক ৫(ক)সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে আইটি সাপোর্ট প্রদানের ব্যবস্থা গ্রহন করবে আইসিটি অপারেশন বিভাগ এবং Sound System এর ব্যবস্থা গ্রহণ করবে এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

০৬। শপথ অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত স্ব-স্ব বিভাগীয় প্রধানগণ তাঁর অধীনস্ত কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করবেন এবং অনুষ্ঠানে উপস্থিতির বিষয়ে যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করবেন।

০৭। যে সকল অনুষ্ঠানে উল্লেখযোগ্য হারে জনসমাগম হবে সে সকল অনুষ্ঠানে মাস্ক পরিধানসহ সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

০৮। বর্ণিত অনুষ্ঠান সংশ্লিষ্ট সকল স্থির চিত্র,ভিডিও ধারন, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে জনসংযোগ ও প্রটোকল বিভাগ।

০৯। ব্যাংকের বিভাগীয় কার্যালয়,বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,মুখ্য আঞ্চলিক কার্যালয়,আঞ্চলিক কার্যালয়,আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও শাখাসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মহান বিজয় দিবস'২০২১ এর কর্মসূচী পরিপালন করবেন এবং

১০। মহান বিজয় দিবস'২০২১ উপলক্ষে গৃহীত কর্মসূচীর মধ্যে ক্রমিক-৫(খ) এ বর্ণিত কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানগণের বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।

১১। বিজয়ের সুবর্নজয়ন্তী ও মুজিববর্ষ এবং মহান বিজয়'২০২১ যথাযথ মর্যাদায় পালন ও সার্বিকভাবে সাফল্যমন্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়।

১৩-১২-২০২১

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-১
বাংলাদেশ কৃষি ব্যাংক

---

প্রকা/ককপবি-১(৪)অংশ-০৪/২০২১-২০২২/৯৫১(১২৫০) তারিখ ঃ ১৪-১২-২০২১

***সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ***

০১। স্টাফ অফিসার,চেয়ারম্যান মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা,ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০৪। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ,স্টাফ কলেজ,বিকেবি, ।
০৫। উপমহাব্যবস্থাপক,জনসংযোগ ও প্রটোকল বিভাগকে এতদ্বিষয়ক ছবি তোলা ও সকল ধরনের প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি,প্রকা,ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকাকে অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বিকেবি।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
০৯। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স ঐক্য পরিষদ(কেন্দ্রীয় পরিষদ ও প্রধান কার্যালয় পরিষদ),স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ (প্রাতিষ্ঠানিক ইউনিট),বঙ্গবন্ধু পেশাজীবীলীগ,মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড (প্রতিষ্ঠানিক ইউনিট),বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। নথি।

Rashid
১৪.১২.২১

(মোঃ মামুনুর রশীদ)
উপমহাব্যবস্থাপক
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।